



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউনিয়ন পরিষদ -১ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর: ৪৬.০১৭.০২৭.০০.০০.০১৩.২০১৪- ৭৯

তারিখ- ০৭ মাঘ ১৪২৭  
২১ জানুয়ারি ২০২১


বিষয়ঃ কারণ দর্শানোর জবাবের উপর মতামত প্রদান সংক্রান্ত।

সূত্রঃ জেলা প্রশাসক, ফরিদপুর এর কার্যালয়ের স্মারক নং-৫০৯, তারিখ-২৭/১০/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, ফরিদপুর জেলার আলফাডাঙ্গা উপজেলার ০৫নং বানা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব হাদী হামায়ুন কবীর (বাবু) কর্তৃক ২০১৯-২০২০ চক্রের দুঃস্থ মহিলা উন্নয়ন (ভিজিডি) কর্মসূচীর প্রায় ৭.৫৩ মে. টন (৭৫৩০ কেজি) চাল আত্মসাতের জবাব যাচাই-বাছাইপূর্বক উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বর্ণিত অভিযোগসমূহের তদন্তে প্রতিবেদনসহ প্রমাণাদি প্রেরণ করা হয়নি।

বর্ণিতাবস্থায়, ফরিদপুর জেলার আলফাডাঙ্গা উপজেলার ০৫নং বানা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব হাদী হামায়ুন কবীর (বাবু)-কে কারণ দর্শানোর প্রেক্ষিতে প্রদত্ত জবাবের বিষয়টি যাচাইপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রমাণাদি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে।

  
(মোঃ আবুজাফর রিপন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৮৬৬০৫  
ই-মেইল-up11gd@gmail.com

জেলা প্রশাসক  
ফরিদপুর

অনুলিপিঃ(সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব (ইউপি)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অফিস কপি।